42

দৈনিক বাংলা

তারিখ ... 16 JAN 1996 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ ...

# বেসরকারী কলেজ শিক্ষক সমিতির নয় দফা দাবী বাস্তবায়নের আহ্বান

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ বেসরকারী কলেজ শিক্ষক সমিতি অবিলম্বে বেসরকারী কলেজ জনবল কাঠামো সম্পর্কিত নীতি বাতিল ও শিক্ষকদের বেতন বৃদ্ধিসহ ৯ দফা দাবী বাস্তবায়নের জন্য সরকারের নিকট আহবান জানিয়েছে।

সোমবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির সাধারণ সম্পাদক কাজী ফারুক আহমেদ লিখিত বক্তব্যে এ দাবীগুলো জানান। সাংবাদিক সম্মেলনে কাজী ফারুক আহমেদ বলেন, জাতীয় ঐকমত্যের ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠিত না হলে বেসরকারী কলেজের শিক্ষকরা নির্বাচনী দায়িত্ব পালন করবে না। তিনি বলেন, অতীতে দেখা গেছে যে জাতীয় ঐকমত্যবিহীন নির্বাচনে বেসরকারী শিক্ষকরাই সবচেয়ে বেশী নিরাপত্তাহীনতায় ভুগেছেন।

সম্মেলনে সমিতি আগামী ১৭ জানুয়ারী থেকে ১৫ মার্চ পর্যন্ত ঘেরাও, প্রতীক ধর্মঘট ও স্মারকলিপি পেশসহ বিভিন্ন কর্মসূচী ঘোষণা করেছে।